

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১১৩

পর্ব-২০: শিকার ও যাবাহ প্রসঙ্গে (حتاب الصيد والذبائح)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - যেসব প্রাণী খাওয়া হালাল ও হারাম

بَابُ مَا يَحِلُّ أَكْلُهُ وَمَا يَحْرُمُ

আরবী

وَعَن ابنِ أبي أَوْفى قَالَ: غَزَوْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَبْعَ غَزَوَاتٍ كُنَّا نَأْكُلُ مَعَهُ الجراد

বাংলা

8১১৩-[১০] 'আবদুল্লাহ ইবনু আবূ আওফা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে সাতটি যুদ্ধে শরীক ছিলাম। তাঁর সাথে আমরা টিডিড খেয়েছে। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ৫৪৯৫, মুসলিম (১৯৫২)-৫২, নাসায়ী ৪৩৫৭, তিরমিয়ী ১৮২২, আবূ দাউদ ৩৮১২, মুসানাফ 'আবদুর রায্যাক ৮৭৬২, মুসানাফ ইবনু আবূ শায়বাহ্ ২৪৫৬১, মুসনাদে আহমাদ ১৯১১২, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৯৪৬৩, আল মু'জামুল কাবীর লিত্ব ত্বারানী ১৩৭১।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ 'আল্লামা নাবাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ টিডিড বা ফড়িং খাওয়া বৈধ। এ ব্যাপারে 'উলামার ঐকমত্য রয়েছে। অতঃপর ইমাম শাফি'ঈ, আবূ হানীফাহ্, আহমাদ এবং জামহূর 'উলামা বলেছেন, টিডিড বা ফড়িং সর্বাবস্থায় বৈধ। যদিও তা ধারালো অস্ত্রের আঘাতে মারা পরে থাকে। মুসলিম শিকার করুক কিংবা অগ্নিপূজক শিকার করুক, কিংবা এমনিতে মারা পরুক। অথবা যে কোন কারণে তা মারা পরুক না কেন, সর্বাবস্থায় তা হালাল। ('আওনুল মা'বৃদ ৬ ষ্ঠ খন্ড, হাঃ ৩৮০৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আবূ আওফা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন